

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি

পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.iresppw-brdb.gov.bd

নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.২২.০০৯.২৪.৩৮১


তারিখ: ২৫ আগস্ট ২০২৫

অফিস আদেশ

অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং- ১৪৭ তারিখ: ০৩/০৬/২০২৫ ও নং- ১৬৫ তারিখ: ২৩/০৬/২০২৫, বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.২০.৬৮৮৯, তারিখ: ৩১/০৭/২০২৫ এবং দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি'র নীতি নির্ধারনী কমিটির বিগত ০৭/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক জনবলের অর্জিত আয় থাকা সাপেক্ষে প্রতি বছর প্রাপ্য মাসিক মূল বেতনের উপর ৯ম ও তদোর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য ১০% এবং ১০ম হতে ২০তম গ্রেড পর্যন্ত কর্মচারীদের জন্য ১৫% হারে অথবা ন্যূনতম ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা বিশেষ সুবিধা প্রদান করা হলো।

২। বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.২০.৬৮৮৯, তারিখ: ৩১/০৭/২০২৫ মূলে জারিকৃত আদেশের সকল শর্তাবলী প্রযোজ্য হবে।

৩। কর্মসূচির স্বার্থে এ আদেশ জারি করা হলো। যা ১ জুলাই ২০২৫ তারিখ হতে কার্যকর হবে।



মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪১

নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.২২.০০৯.২৪.৩৮১

তারিখ: ২৫ আগস্ট ২০২৫

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।


২৬.০৫.২৫
শরিফুল ইসলাম
সহকারী পরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

"পল্লী ভবন"

৫, কাওরানবাজার ঢাকা

www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.২০. ৬৮৮৭

তারিখ: ৩১/০৭/২০২৫ খ্রিঃ

অফিস আদেশ

অর্থ বিভাগের গত ০৩/০৬/২০২৫ তারিখের ১৪৭ নং প্রজ্ঞাপন এবং ২৩/০৬/২০২৫ তারিখের ১৬৫ নং প্রজ্ঞাপন অনুসরণে মূল কর্মসূচিসহ বিআরডিবি'র চলমান সকল কর্মসূচিতে কর্মরত বেতন গ্রেড ৯ম এবং তদূর্ধ্বদের জন্য ১০% এবং গ্রেড ১০ হতে গ্রেড ২০ পর্যন্তদের জন্য ১৫% হারে অথবা ন্যূনতম ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা 'বিশেষ সুবিধা' নিম্নের শর্ত সাপেক্ষে কার্যকর করা হলোঃ

- ক) চাকরিরত কর্মকর্তা/কর্মচারীগণ ১ জুলাই ২০২৫ তারিখ হতে প্রতি বছর ১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের উপর বর্ণিত 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।
- খ) সংশ্লিষ্ট অর্থবছরে আবশ্যিকভাবে মূল কর্মসূচিসহ সকল কর্মসূচির প্রকৃত অর্জিত আয় থাকা সাপেক্ষে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে, অন্যথায় বাস্তবায়ন করা যাবে না।
- গ) কোনক্রমেই মূলধন (ঋণ তহবিল, শেয়ার, সঞ্চয় প্রভৃতি) অথবা অন্য কোন দায়যুক্ত তহবিলের অর্থ অবক্ষয় করে এ 'বিশেষ সুবিধা' প্রদান করা যাবে না।
- ঘ) সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা/কর্মচারীগণ বরখাস্ত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর বর্ণিত হারে এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন। তবে এ ক্ষেত্রে বরখাস্ত আদেশে উল্লিখিত শর্ত প্রতিপালিত হবে।
- ঙ) বিনা বেতনে ছুটিতে থাকাকালীন কর্মকর্তা/কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।
- চ) দীর্ঘ দিন যাবৎ অর্থাৎ ৬০ দিন বা তদূর্ধ্ব সময়ে যে সকল কর্মকর্তা/কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত তারা এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।
- ছ) প্রয়োজনীয় বাজেট বরাদ্দ থাকতে হবে এবং কর্মসূচিসমূহের নীতি নির্ধারনী কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে।
- জ) এ সংক্রান্ত অর্থ বিভাগের আদেশসমূহ যথাযথভাবে পর্যালোচনাপূর্বক বর্ণিত 'বিশেষ সুবিধা' বাস্তবায়ন করতে হবে। ব্যর্থতায় এর দায়দায়িত্ব সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তার উপর বর্তাবে।
- ঝ) এ আদেশ ১ জুলাই ২০২৫ হতে কার্যকর হবে।

নাদিরা হায়দার (যুগ্মসচিব)
পরিচালক (অর্থ)

ও

প্রতিকল্প পরিচালক (সেরেজমিন)

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

..... (সকল জেলা)।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.২০. ৬৮৮৭

তারিখ: ৩১/০৭/২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ০২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ০৩। প্রকল্প/কর্মসূচী/নির্বাহী পরিচালক (পদাবিক, পঞ্জীক, পল্লী প্রগতি কর্মসূচি, ইরেসপো, পিইপি, সদাবিক, অপ্রধান শস্য, উদকনিক, গিরপা), বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/গাইবান্ধা/রংপুর (কর্মসূচির পরবর্তী নীতি নির্ধারণী কমিটির সভায় বিষয়টি উপস্থাপন করতঃ অনুমোদন গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৪। উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ০৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৬। সভাপতি, ইউসিসিএলিঃ (সকল)।
- ০৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সকল)।
- ০৮। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অফিস কপি।

মেঃ জিহাদ খান
৩১/০৭/২০২৫